I 29146 100 Rs.




Admissible under Regn Rule 21 also under Section... ৫ ...of WB ২৫ Act/ ~~Nonagricultural Tenancy Act~~ duly Stamped ( or ~~exemped from or does not require Stamp duty~~ ) under the India Stamp Act 1899 & also as amended by W. B. Stamp Amendment Act XVII of 1964.
Schedule 1A No. 23

FEES PAID

A 43.50
N 50
44/-

Asstt Sub - Registrar of Alipur at Alipur.
Dist. 24 Parganas.

মং ৬৩০০˙০০ ছয় হাজার তিনশত টাকা পণ মূল্যের

<u>সাফ বিক্রয় কোবালা দলিল ।</u>

| কোবালা গৃহিত্রী ঃ- | কোবালা দাতা ঃ- |
| --- | --- |
| শ্রীমতী বুলা নন্দী, স্বামী শ্রী রবীন্দ্র নাথ নন্দী, জাতি হিন্দু, পেশা গৃহস্থালী, সাকিম ৩৫ নং রিজেন্ট কলোনী, কলিকাতা- ৪০ । | শ্রী মোহিনী মোহন বিশ্বাস পিতা স্বর্গীয় গোপাল চন্দ্র বিশ্বাস জাতি হিন্দু, পেশা অবসর প্রাপ্ত, সাকিম কামডহরী, হাল থানা যাদবপুর, জেলা ২৪ পরগণা । |

ক্স্য রায়ত স্থিতিবান স্বত্বের ডাঙ্গা জমি জমা

No. 1553
Sold to Smt. Bula Nandi
35, Regent Colony
of Cal-40
For Rs. 100/-
Date 4/6/69 [signature] Clerk.
24-Parganas Treasury Alipur.

1553 - 100/-
1554 - 75/-
1555 - 0/50 np
175/50 np

THE SEAL OF THE JOINT SUB-REGISTRAR, ALIPUR AT ALIPUR
DIST:- 24 - PARGANAS

Presented for Registration at 11/30 A. M. or P. M on the 11th day of June 1969 at the Office of the Joint Sub Registrar Alipur at Alipur by Mohini Mohan Biswas Executant or Claimant or attorney for ............

[signature] 11/6/69
Joint Sub - Registrar of Alipur at Alipur
Dist. 24 Parganas.

শ্রীমোহিনীমোহন বিশ্বাস

L.009

Dipankar Biswas

Rs. 6200/- as consideration is paid in my presence by Rabindra Nath Nandi, to the executant.

[signature] 11/6/69
Joint Sub - Registrar of Alipur at Alipur
Dist. 24 Parganas.

শ্রীমোহিনীমোহন বিশ্বাস

Execution is admitted By
Mohini Mohan Biswas
Son / Wife of Lt. Gopal Ch Biswas
Kamdahari
Thana Jadavpur
District 24 P.
By Caste Hindu by Profession Retd.

[signature]
By
Dipankar Biswas
Son / Wife of Mohini Mohan Biswas
Kamdahari
Thana Jadavpur
District 24 P.
By Caste Hindu by Profession Service.

[signature] 11/6/69
Joint Sub - Registrar of Alipur at Alipur
Dist. 24 Parganas.

75Rs.

पचहत्तर रुपया

७५रु. भारत INDIA 75Rs.

SEVENTY FIVE RUPEES



জমা মায় আকর আওলাতাদি এবং সর্ব্বপ্রকার ব্যবহারিক ইজমেন্ট স্বত্বাদি সহ ভূসম্পত্তি দরবস্তু হক হকুক সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা দলিল পত্র মিদং কার্য্যঞ্চাগে ঃ-

জেলা ২৪ পরগণা, পরগণা মাগুরা, সাবরেজিষ্ট্রারী আলিপুর, থানা সদর টালিগঞ্জ, হাল যাদবপুর অধিন ১৪ নং তৌজি ভুক্ত মৌজা কামডহরী মধ্যে হাল মালিক জেলা ২৪ পরগণা কালেক্টার বাহাদুর অধিন জেঃ এল্‌ঃ নং ৪৯, রেঃ সাঃ নং ২০০, খতিয়ান নং সাবেক ৩৮১ হাল ৫২২ নং খতিয়ান ভুক্ত সাবেক ১৫৩ নং দাগে ·২০ শতক ডাঙ্গা জমির কাত বার্ষিক ৩·৭৫ পয়সা করের রায়ত স্থিতিবান স্বত্বের জমি জমা কামডহরী নিবাসী মৃত কৃষ্ণ মোহন সাঁতরার পুত্র হরিপদ সাঁতরার স্বত্ব দখলিয় সম্পত্তি থাকে। আমার স্ত্রী সরলা বালা বিশ্বাস মহাশয়ার বেনামে তৎকালীন বাজার দর উপযুক্ত মূল্য প্রদানে উল্লিখিত ·২০ শতক ডাঙ্গা জমি গত ইং ১৯৪০ সালে আলিপুর সবরেজিষ্ট্রী অফিসের রেজিষ্ট্রীকৃত ১ নং বহির, ১৫ নং ভল্যুমে পৃষ্ঠা

No. 1554
Sold to Smt. Bula Nandi
35 Regent Colony
of Cal-40
For Rs 75/-
Date 26/6/69 S... Clerk.
24-Parganas Treasury, Alipore.

THE SEAL OF THE JOINT SUB-REGISTRAR, ALIPUR AT ALIPUR
DIST. 24-PARGANAS

Joint Sub-Registrar of Alipur at Alipur
Dist. 24 Parganas.

50 nP

पचास नये पैसे INDIA पचास नये पैसे

भारत

FIFTY NAYE PAISE



পৃষ্ঠা নং ২২০ হইতে ২২২ নং পৃষ্ঠায় লিখিত ৮৪০ নং এককেতা কোবালা মূলে আমার স্ত্রী উক্ত সরলা বালা বিশ্বাসের বেনামে উক্ত হরিপদ সাঁতরার নিকট হইতে খরিদ করিয়া উহাতে আমি একক খাসে স্বত্ববান ভোগদখলিকার বিদ্যমান আছি। তৎপরে আমার উক্ত স্ত্রী সরলা বালা বিশ্বাসের মৃত্যু হওয়ায় তদীয় পুত্র কন্যা দীপঙ্কর বিশ্বাস, নমিতা বসু ও ইরা সরকার গত ইংরাজী ২০।২।৬৩ তারিখে আমার স্ত্রী সরলা বালা বিশ্বাস নামীয় উল্লিখিত কোবালায় খরিদা ·২০ শতক জমি আলিপুর সবরেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ১ নং বহির, ৪২ নং ভল্যুমে ২৯৭ হইতে ২৯৮ নং পাতায় লিখিত ১৫৫৮ নং একককেতা মুক্তিপত্র দলিলের দ্বারা আমাকে মুক্তিপত্র করিয়া দিয়াছে। এমতাবস্থায় উল্লিখিত ·২০ শতক জমিতে আমি ষোল আনা স্বত্বাংশে একক খাসে স্বত্ববান ভোগদখলিকার বিদ্যমান

No. 1555 (1555)
Sold to Smt. Bula Nandi
35 Regent Colony
Cal-40
of
For Rs 0/50 n.p.
Date 4/6/69 Stamp Clerk.
24-Parganas Treasury, Alipur.

THE SEAL OF THE JOINT SUB-REGISTRAR, ALIPUR AT ALIPUR ★ DIST:- 24 - PARGANAS

Joint Sub-Registrar of Alipur at Alipur
Dist. 24 Parganas.

বিদ্যমান আছি।

এইক্ষণ আমি নানাবিধ বৈধ কারণে নগদ টাকার বিশেষ প্রয়োজন বশতঃ আমার স্বত্ব দখলিয় উল্লিখিত .২০ শতক জমির মধ্যে অত্র দলিল সংলগ্ন প্ল্যানে লাল বর্ণে রঞ্জিত করিয়া প্রদর্শিত উত্তর দক্ষিণ ৫৪´ চুয়ান্ন ফুট, এবং পূর্ব্ব পশ্চিম ৪০´ চল্লিশ ফুট পরিমিত কমবেশ ./৩ তিন কাঠা জমি মায় উক্ত জমির সংলগ্ন রাস্তা সমূহের অবাধ চলাচলের ব্যবহারিক ইজমেন্ট স্বত্বাদি সহ বিক্রয় করিবার ঘোষণা করিলে আপনি উহা খরিদ করিতে ইচ্ছুক হওয়ায় আমি আপনার নিকট হইতে উহার সর্ব্বোচ্চ বাজার দর পণ মূল্য মবলগে ৬৩০০.০০ ছয় হাজার তিনশত টাকা সম্পূর্ণ নগদ বুঝিয়া পাইয়া নিম্ন তপশীল বর্ণিত কমবেশ ./৩ তিন কাঠা -ডাঙ্গা জমি মায় যাবতীয় ব্যবহারিক ইজমেন্ট স্বত্বাদি ও বৃক্ষাদি আকর আওলাতাদি সহ অত্র কোবালা মূলে আপনাকে নিঃস্বত্ব সাফ বিক্রয় করিয়া দিয়া স্বীকার, অঙ্গিকার, প্রকাশ ও প্রচার করিতেছি যে, আমি অদ্য হইতে অত্র বিক্রিত সম্পত্তিতে মায় ওয়ারেশ স্থলাভিষিক্তগণ ক্রমে চিরতরে নিঃস্বত্ব ও দখলচ্যুত হইয়া উহার খাস দখল আপনার অনুকূলে পরিত্যাগ করিলাম। আপনি অদ্য হইতে খরিদ সূত্রে অত্র কোবালা বলে অত্র বিক্রিত সম্পত্তিতে মায় যাবতীয় দরবস্ত হক হকুক ও সর্ব্ববিধ ইজমেন্ট স্বত্বাদিতে আমার যাবতীয় স্বত্বে স্বত্ববতী দখলকারিণী হইয়া মালিক সরকারে স্বীয় নাম জারি পত্তনে ধার্য্য করাদায়ে দান, বিক্রয়, বন্ধকাদি সর্ব্বপ্রকারের হস্তান্তরের ক্ষমতা যুক্তে যদিচ্ছা ব্যবহারে পুত্র পৌত্রাদি ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণ ক্রমে চিরকাল নির্ব্যূঢ় স্বত্বে পরম সুখে ভোগদখল করিতে থাকুন, এবং উক্ত জমি আপনার

আপনার ইচ্ছামত কাটিয়া ভরিয়া উহাতে কাঁচা পাকা গৃহাদি ইট ইমারতাদি নির্ম্মাণে বাগ বাগিচা প্রস্তুতে কূপাদি খননের দ্বারা যদিচ্ছা ব্যবহারে ভোগ দখল করিতে থাকুন, তাহাতে কস্মিন কালেও আমার বা আমার ওয়ারেশান ও স্থলাভিষিক্তগণ ক্রমে কাহারও কোনপ্রকার ওজর আপত্তি বা দাবী দাওয়াদি আইনতঃ গ্রাহ্য হইবে না। অত্র দলিল পোষকে সাক্ষাদি দিতে এবং আমার টাইটেল সম্বন্ধীয় দলিল কাগজ পত্রাদি দর্শাইতে এবং অত্র দলিলে কোন ভূল ত্রুটি প্রকাশ পাইলে বিনা পণে আপনি দলিল গ্রহিত্রীর খরচায় উপযুক্ত সংশোধনী দলিলাদি রেজিষ্ট্রী করিয়া দিতে আইনতঃ বাধ্য রহিলাম। সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় অত্র বিক্রিত সম্পত্তিতে আমি খাসে স্বত্ববান ভোগদখলিকার বিদ্যমান থাকিয়া উহা আপনাকে বিক্রয় করিলাম। ইতি পূর্ব্বে উহা আর কাহাকেও দান, বিক্রয়, বন্ধক হস্তান্তরাদি বায়না চুক্তি পত্রাদি কোন কিছু করা বা উহা গভর্ণমেন্ট কর্ত্তৃক এ্যাকুইজিশান রিকুইজিশান হওয়া বা ইহা কোন মামলা মোকর্দ্দমার বিষয়ীভূত সম্পত্তি হওয়া বা কোন প্রকার আদালত কর্ত্তৃক ক্রোক নিলাম বিক্রয় হওয়া বা কোন চার্জ্জযুক্ত থাকা বা ইহার বিরুদ্ধে কোন নিষেধাজ্ঞা প্রচারিত থাকা প্রভৃতি কোন ঘটনা বা আমার কোন প্রবঞ্চনার কার্য্য প্রকাশ পাইলে এবং আমার স্বত্ব দখলের হীনতা, ন্যূনতা দোষ ত্রুটি বশতঃ অত্র বিক্রিত সম্পত্তিতে বা ইহার কোন অংশে আপনি কাহারও কর্ত্তৃক বেদখল হইলে আমি আইনতঃ দায়ী ও দণ্ডনীয় হইব, এবং মায় ওয়ারেশান ও স্থলাভিষিক্তগণ ক্রমে উল্লিখিত পণ মূল্যের সমুদয় টাকা উপযুক্ত ক্ষতি খেসারত পূরণ করিতে আইনতঃ বাধ্য রহিলাম ও রহিবেক।

এতদর্থে সুস্থ শরীরে সরল মনে স্বেচ্ছায় সুজ্ঞানে অত্র দলিলের মর্ম্ম সম্যক অবগত হইয়া এবং উল্লিখিত পণে মবলগে ৬৩০০.০০ ছয় হাজার তিনশত টাকা নিম্ন জায় মোতাবেক সম্পূর্ণ নগদ বুঝিয়া পাইয়া অত্র নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা দলিল যথারীতি সহি সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিলাম। ইতি সন ১৩৭৬ সালের ২৮ শে জ্যৈষ্ঠ , ইংরাজী সন ১৯৬৯ সালের ১১ ই জুন।

## তপশীল বিক্রিত সম্পত্তির বিবরণ ঃ-

জেলা ২৪ পরগণা, হাল থানা যাদবপুর, সাবরেজিষ্ট্রারী আলিপুর পরগণা মাগুরা অধিন ১৪ নং তৌজি ভুক্ত রেঃ সাঃ নং ২০০, জেঃ এল্ঃ নং ৪৯ মৌজা কামডহরী মধ্যে সাবেক ৩৮১ হাল ৫২২ নং খতিয়ান ভুক্ত হাল মালিক পশ্চিম বঙ্গ সরকার পক্ষে জেলা ২৪ পরগণা কালেক্টার বাহাদুর অধিন সাবেক ১৫৩ একশত তিপান্ন নং দাগে ডাঙ্গা .২০ শতক জমির কাত বার্ষিক ৩.৭৫ পয়সা টাকা করের রায়ত স্থিতিবান স্বত্বের জমি জমার মধ্যে অত্র দলিল সংলগ্ন প্ল্যানে প্রদর্শিত ও লাল বর্ণে রঞ্জিত করিয়া চিহ্নিত উত্তর দক্ষিণ ৫৪´ চুয়ান্ন ফুট এবং পূর্ব্ব পশ্চিম ৪০´ চল্লিশ ফুট পরিমিত কমবেশ ৵৩ তিন কাঠা ডাঙ্গা জমি সায় তদুপরিস্থিত যাবতীয় গৃহাদি আকর আওলাতাদি এবং অত্র বিক্রিত জমির সংলগ্ন পশ্চিমে ১৬´ ষোল ও দক্ষিণে ৬´ ছয় ফুট প্রশস্ত রাস্তায় যানবাহনাদি সহকারে অবাধ চলাচলের ইজমেন্ট স্বত্বাদি ও

ও ইলেক্‌ট্রিক কানেক্সান , জল কল, টিউব কানেক্সান , টেলিফোন কানেক্সান ড্রেনেজ্‌ ইত্যাদি লওয়ার যাবতীয় সুযোগ সুবিধা সহ উল্লিখিত ⁄৩ তিন কাঠা জমি অত্র কোবালা মূলে বিক্রিত হইল । ইহাতেআমার কোন শরিক নাই । উহার হারাহারি বার্ষিক খাজনা কমবেশ ·৯৬ পয়সা ।

তপশীল চৌহদ্দি ঃ—

| | | |
|---|---|---|
| উত্তর | ঃ— | অত্র ১৫৩ নং দাগের বক্রি জমি । |
| দক্ষিণ | ঃ— | ৬´ ছয় ফুট কমন প্যাসেজ । |
| পূর্ব্ব | ঃ— | অত্র ১৫৩ নং দাগের বক্রি জমি । |
| পশ্চিম | ঃ— | ১৬´ ষোল ফুট কমন প্যাসেজ । |

তপশীল টাকার জায় ঃ—

অদ্য তারিখে —

১০০·০০ একশত টাকার নোট হিসাবে ৬৩ কেতা — ৬৩০০·০০ টাকা

মোট — ৬৩০০·০০ টাকা মাত্র,

মবলগে ছয় হাজার তিনশত টাকা নগদ বুঝিয়া পাইলাম ।

শ্রী মহিনী মোহন বিশ্বাস

সাক্ষী ঃ—

Baidya Nath Ghosh. alipur.

Adhir Chandra Bose

টাইপকারক ঃ—

আলিপুর পুলিশ কোর্ট ।

অবিকল নকল

।।৭।।

ও ইলেকট্রিক কানেক্সান জল কলের টিউব কানেক্সান, টেলিফোন কানেক্সান ড্রেনেজ ইত্যাদি নেওয়ার যাবতীয় সুযোগ সুবিধা সহ উল্লিখিত ৵৩ তিন কাঠা জমি অত্র কোবালা মুলে বিক্রিত হইল। ইহাতে অপর কোন শরিক নাই। ইহার হারা হারি বার্ষিক খাজনা কমবেশ .৯৬ পয়সা।

তপশিল চৌহদ্দি –

উত্তর – অত্র ১৫৩ নং দাগের বক্রি জমি।

দক্ষিণ – ৬½ ফুট কমন প্যাসেজ।

পূর্ব্ব – অত্র ১৫৩ নং দাগের বক্রি জমি।

পশ্চিম – ১৬' ফুট কমন প্যাসেজ।

তপশিল টাকার জায় –

অদ্য তারিখে ১০০, টাকার নোট ১৩ কেত্তা
৬৩০০.০০ টাকা

মোট – ৬৩০০.০০ টাকা মাত্র।

মঃ ছয় হাজার তিন শত টাকা নগদ বুঝিয়া পাইলাম।
স্বাঃ মোহিনীমোহন বিশ্বাস

টাইপ কারক –
শ্রী গোবিন্দ মোহন দত্ত।
আলিপুর পুলিশ কোর্ট।

ইসাদী –

শ্রী দিপঙ্কর বিশ্বাস
সাং কামডহরি, পোঃ গড়িয়া

Baidynath Ghosh
Alipore

Sital Ch. Dey
Alipore Court


Adhir Chandra Bose
Kamdahari

# SITE PLAN OF C.S. DAG NO 153.

MAUZA. KAMDAHARI J.L. NO 49.

P.S. JADAVPUR. D.T. 24 PGS.

**SCALE. 1= 40' Ft.**




PLAN MADE BY. A.C. BOSE.
5.6.69.